

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dghs.gov.bd

স্মারক নং- স্বাঃঅধিঃ/হঃসাঃম্যাঃ/শিশু বিকাশ কেন্দ্র জনবল নিয়োগ (১-১০)/ ২০২০/ ৯৮৭ তারিখঃ ৬/১০/২০২০খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীন ৪র্থ, স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর (HPNSP) কর্মসূচীর অন্তর্ভুক্ত "হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট (HSM) " শীর্ষক অপারেশনাল প্লানের আওতায় "সেকেন্ডারী ও টারশিয়ারী লেভেল হাসপাতালসমূহে শিশু বিকাশ কেন্দ্র স্থাপন" প্রকল্পের জন্য ০১ জুলাই ২০১৭ -৩০ জুন ২০২২ ইং পর্যন্ত মেয়াদে সরাসরি নিয়োগ পদ্ধতিতে নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাকুল্য বেতনে সরাসরি নিয়োগের নিমিত্তে সকল জেলার প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও সাকুল্য বেতন | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১. | সিনিয়র ইন্সট্রাক্টর (শিশু স্বাস্থ্য) | ১ (এক) | গ্রেড-৬<br>সাকুল্য বেতন ৫৬,৫২৫/- | ৩৭ বছর | এমবিবিএস, শিশু স্বাস্থ্য বিষয়ে ডিসিএইচ/এমডি/এফসিপিএস ও সংশ্লিষ্ট কাজে ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২. | সিনিয়র ইন্সট্রাক্টর (ডেভেলপমেন্টাল থেরাপি) | ১ (এক) | গ্রেড-৬<br>সাকুল্য বেতন ৫৬,৫২৫/- | ৩৭ বছর | ফিজিও থেরাপি/অকুপেশনাল থেরাপি/স্পীচ থেরাপি বিষয়ে স্নাতক/সমমানের ডিগ্রী সহ স্নাতকোত্তর ডিগ্রী ও সংশ্লিষ্ট কাজে ০৭ বছরের পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩. | ট্রেনিং কো- অর্ডিনেটর | ১ (এক) | গ্রেড-৯<br>সাকুল্য বেতন-৩৫,৬০০/- | ৩০ বছর | স্নাতক সম্মান সহ স্নাতকোত্তর/সমমানের ডিগ্রী ও কম্পিউটার অফিস প্রোগ্রাম সহ অন্যান্য বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪. | শিশু স্বাস্থ্য চিকিৎসক | ২১ (একুশ) | গ্রেড-৯<br>সাকুল্য বেতন-৩২,৩০০/- | ৩২ বছর | এমবিবিএস; শিশু রোগে উচ্চতর ডিগ্রীধারী ও সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার। |
| ৫. | শিশু মনোবিজ্ঞানী | ২০ (বিশ) | গ্রেড-৯<br>সাকুল্য বেতন-৩২,৩০০/- | ৩০ বছর | ক্লিনিক্যাল সাইকোলজি বিষয়ে স্নাতক সম্মান সহ স্নাতকোত্তর ডিগ্রী ও সংশ্লিষ্ট কাজে ০৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৬. | ডেভেলপমেন্টাল থেরাপিস্ট | ২১(একুশ) | গ্রেড-৯<br>সাকুল্য বেতন-৩২,৩০০/- | ৩০ বছর | ফিজিও থেরাপি/অকুপেশনাল থেরাপি/স্পীচ থেরাপি বিষয়ে স্নাতক/সমমানের ডিগ্রী সহ স্নাতকোত্তর ডিগ্রী ও নিউরো ডিজঅর্ডার, অটিস্টিক শিশুদের থেরাপি দেওয়ার ০৩ বছরের পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে। |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরন কর তে হবেঃ

১. ০১/১০/২০২০খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স নির্ধারিত সীমার মধ্যে থাকতে হবে।

২. সরকারী/ আধা সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩. **অনলাইনে আবেদনপত্র পুরন সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহনের ইচ্ছুক ব্যক্তি http://hsm.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online –এ আবেদনপত্র পুরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১২/১০/২০২০খ্রিঃ সকাল-১০.০০টা।

(ii) Online –এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১২/১১/২০২০ খ্রিঃ বিকাল-০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online –এ আবেদনপত্র Submit- এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online –এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর ( দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি ( দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online –এ আবেদনপত্রে পুরনকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online –এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) প্রার্থী Online-এ পূরনকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষার সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online –এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant`s copy পাবেন। উক্ত Applicant`s copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant`s copy কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০০/- ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ ৬০/- টাকা মোট ৫৬০/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

**এখানে বিশেষ ভাবে উল্লেখ্য যে, "Online –এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online –এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: HSM<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Examlpe:HSM ABCDEF**

Reply: Applicant`s Name, TK…………… will be charged as applicantion fee. Your PIN is 12345678. To pay fee Type HSM<space>Yes<space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: HSM<space> Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Examlpe: HSM Yes 12345678**

Reply: Congratulations Applicant`s Name, payment completed successfully for ……….Applicantion for post xxxxx User Id is (ABCDEF) and password (XXXXXXX).

(চ). প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://hsm.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু মাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ). SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ). শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে HSM<space>Help<space>User ID Send to 16222
**Examlpe:HSM Help User ABCDEF** & Send 16222

(iii) PIN Number জানা থাকলে HSM space>Help<space>PIN<space> PIN No & Send to 16222
**Examlpe:HSM Help PIN 12345678** & Send 16222

(ঝ). Online এ আবেদন করতে কোন সমস্যা হলে mail করবেন. vas.query@teletalk.com.bd

৪. প্রার্থীর যোগ্যতা যাচাই:

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমানিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য / জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্নিত (ক্রমিক নং-i-vi পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটি ০১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

i. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)
ii. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
iii. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।
iv. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
v. জাতীয় পরিচয় পত্র/ জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
vi. Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant`s Copy)

৫. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.dghs.gov.bd এবং www.hospitaldghs.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।
৬. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
৭. নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
৮. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
৯. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১০. উপরে উল্লেখ করা হয় নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।
১১. এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী, প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য প্রযোজ্য এবং স্থায়ী রাজস্ব পদে নিয়োগের কোন প্রতিশ্রুতি দেয়া হবে না।
১২. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষন করেন।
১৩. এ নিয়োগ সাকুল্য বেতনে চুক্তিভিত্তিক (শুধু প্রকল্প চলাকালীন সময়ের জন্য)। প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নির্বাচিত প্রার্থীর নিয়োগপত্র-ই অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।

(ডাঃ মোঃ খুরশীদ আলম)
লাইন ডাইরেক্টর
হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
e-mail: ihsm@ld.dghs.gov.bd
ফোন নং-০২-৫৫০৬৭১৫০, ফ্যাক্স নং-০২-৫৫০৬৭১৫১